

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

স্মারক নং-স্বাঃঅধিঃ/করোনা/২০২০-৭৬

তারিখ:


১৫ জৈষ্ঠ্য ১৪২৭

৩০ মে ২০২০

## ঘোষণা

ইতিপূর্বে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে স্বাস্থ্য অধিদপ্তরের ৬ মে ২০২০ তারিখের স্বাঃঅধিঃ/করোনা/ ২০২০-৫২ নং স্মারকে ঘোষণায় উল্লিখিত নির্দেশনাসমূহ নিম্নরূপভাবে পরিবর্তিত হবেঃ


- (১) বাহিরে চলাচলের ক্ষেত্রে সবসময় মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে, অন্যথায় নির্দেশ অমান্যকারীর বিরুদ্ধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ধারা ২৪ (১), (২) ও ধারা ২৫ (১) (ক, খ) এবং ধারা ২৫ (২) অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। জেলা প্রশাসন/ যথাযথ কর্তৃপক্ষ সতর্কভাবে এটি বাস্তবায়ন করবেন;
- (২) চলাচল নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ এবং সকল কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে;
- (৩) রাত ৮:০০ টা হতে সকাল ৬:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয় বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনভাবেই বাড়ীর বাইরে যাওয়া যাবে না। তবে সর্বাবস্থায় বাইরে চলাচলের সময় মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;
- (৪) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত কারিগরি নির্দেশনাগুলি (<https://dghs.gov.bd/>) সর্বস্তরে বাস্তবায়নের পরামর্শ দেওয়া হলো।

  
অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা  
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)  
(দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক)  
স্বাস্থ্য অধিদপ্তর

৪৪০-২-৫৫০৬৭১৭২ (ও); ৫৫০৬৭১৭৩(ও)  
ই-মেইল- dg@ld.dghs.gov.bd

অনুলিপি সদয় অবগতি/অবগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার  
ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল)-----মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।
- ৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৬। প্রধান তথ্য অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কমিশনার (সকল)-----বিভাগ।
- ৮। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-----বিভাগ।
- ৯। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ১০। পুলিশ সুপার (সকল) -----জেলা।
- ১১। সিভিল সার্জন (সকল)-----জেলা।
- ১২। অফিস কপি।

  
অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা  
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)  
(দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক)  
স্বাস্থ্য অধিদপ্তর  
880-2-55067172 (O); 55067173(O)  
ই-মেইল- dg@ld.dghs.gov.bd